# মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ১৯৫

মুসনাদে উমার ইবনুল খাত্তাব (রাঃ) [উমারের বর্ণিত হাদীস] (مسند عمر بن الخطاب)

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ عَاصِمِ بْنِ عُبَيْدِ اللهِ، عَنْ سَالِمٍ، عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمَرَ عَنْ عُمَرَ عَنِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَنَّهُ اسْتَأْذَنَهُ فِي الْعُمْرَةِ فَأَذِنَ لَهُ، وقَالَ: " يَا أَخِي، لَا تَنْسَنَا مِنْ دُعَائِكَ " وَقَالَ بَعْدُ فِي الْمَدِينَةِ: " يَا أَخِي، أَشْرِكْنَا فِي دُعَائِكَ ". فَقَالَ عُمَرُ: مَا أُحِبُّ أَنَّ لِي بِهَا مَا طَلَعَتْ عَلَيْهِ الشَّمْسُ، لِقَوْلِهِ: يَا أَخِي

إسناده ضعيف لضعف عاصم بن عبيد الله
وأخرجه البزار (119) من طريق محمد بن جعفر، بهذا الإسناد
وأخرجه الطيالسي (10) ، وابن سعد 3 / 273، وأبو داود (1498) من طرق عن شعبة، به
وأخرجه ابن سعد 3 / 273، وابن ماجه (2894) ، والترمذي (3562) ، والبزار (120) من طريق سفيان، عن عاصم، به. وقال الترمذي: حسن صحيح

বাংলা

১৯৫। আবদুল্লাহ ইবনে উমার (রাঃ) থেকে বর্ণিত যে, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে উমরার জন্য অনুমতি চাইলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অনুমতি দিলেন এবং বললেন, হে আমার ভাই, তোমার দু'আয় আমাকে ভুলো না। (পরে মদীনায় বলেন, তিনি বলেছেন : হে আমার ভাই, তোমার দু'আয় আমাকে শরীক রেখো)। উমার (রাঃ) বললেন, ঐ উমরার বিনিময়ে সমগ্র পৃথিবীর সম্পত্তি আমার করায়ত্ব হোক- এটাও আমি পছন্দ করবো না। কেননা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'হে আমার ভাই' বলেসম্বোধন করেছেন। (উল্লেখ্য যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবদুল্লাহ ইবনে উমারের ভগ্নিপতি ও উমার (রাঃ) এর জামাতা ছিলেন।—অনুবাদক) অর্থাৎ উমার (রাঃ) তাঁর ছেলেকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক ভাই সম্বোধন করাকে গোটা পৃথিবীর সম্পত্তি অর্জনের চেয়েও সৌভাগ্যজনক মনে করেছেন।

[তিরমিযী, আবু দাউদ, ইবনু মাজাহ]

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=63019

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন